**Office of the SPM, HEAT project**

"Comprehensive Modernization and Standardization of Educational and Research Infrastructure to Strengthen Teaching and Learning at the Department of Pharmacy, Noakhali Science and Technology University (PIN-12125)"

Department of Pharmacy, Noakhali Science and Technology University, Noakhali-3814

# নিয়োগ বিজ্ঞপ্তি (চুক্তিভিত্তিক)

স্মারক নং- নোবিপ্রবি/ফার্মেসী/হিট/পিন-১২১২৫/২০২৫-০৪ তারিখঃ ২৪/১১/২০২৫

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের "Comprehensive Modernization and Standardization of Educational and Research Infrastructure to Strengthen Teaching and Learning at the Department of Pharmacy, NSTU" শীর্ষক হিট প্রজেক্টের জন্য নিম্নোক্ত শূন্য পদে প্রকল্পের মেয়াদকালীন সময়ে (২১ মাস) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক একাউন্টেন্ট (হিসাবরক্ষক) পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছেঃ

| পদের নাম, বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **একাউন্টেন্ট (চুক্তিভিত্তিক)**<br>মাসিক ভিত্তিতে সর্বসাকুল্যে বেতন ২৫,০০০ টাকা (নির্ধারিত) | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** বানিজ্য/অর্থনীতি/হিসাববিজ্ঞান বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/ সিজিপিএ-২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। শিক্ষাজীবনের কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণ যোগ্য নয়।<br>**অভিজ্ঞতাঃ** কম্পিউটারে পারদর্শী, হিসাবরক্ষণ, বাজেট প্রস্তুতি, ব্যয় ব্যবস্থাপনা ও আর্থিক প্রতিবেদন তৈরিতে দক্ষতা থাকতে হবে। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে/ স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে একাউন্টেন্ট/আর্থিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**বয়সসীমাঃ** আবেদনের শেষ তারিখে অনূর্ধ ৪০ বছর। |

**আবেদনের শর্তাবলীঃ**

০১. উপরোক্ত কর্মচারী পদে আগামী ০৪/১২/২০২৫ইং এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনকারীদেরকে ১ সেট আবেদন {(ক) জাতীয় পরিচয় পত্র (খ) পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের ফটোকপি (যদি থাকে) এবং (ঙ) সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক একটি চারিত্রিক সনদ} A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০২. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৩. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪. আবেদনকারীদেরকে আবেদনের সাথে কোন ধরনের পে অর্ডার বা অনলাইনে টাকা জমা দেয়ার প্রয়োজন নেই।

০৫. নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৬. প্রযোজ্য ক্ষেত্রে শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে লিখিত, মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে এবং অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ বিল প্রদান করা হবে না।

০৭. **বর্ণিত পদে নিয়োগের সাথে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়মিত নিয়োগের কোনোভাবেই সম্পর্কিত নয়। এটা সম্পূর্ন অস্থায়ী ও নির্দিষ্ট মেয়াদের।**

০৮. এই নিয়োগ কেবল মাত্র প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত বহাল থাকবে এবং প্রকল্প শেষ হওয়ার (২৬/০৮/২০২৭ইং) সাথে সাথে চাকুরীর স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে।

০৯. প্রকল্পের মেয়াদ (২১ মাস) শেষ হওয়ার পূর্বে চাকুরি ত্যাগ করা যাবে না।

**ড. অভিজিৎ দাস**
SPM, HEAT Project (PIN-12125)
সহযোগী অধ্যাপক, ফার্মেসী বিভাগ,
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
নোয়াখালী-৩৮১৪